ভ্রাম্যমাণ আদালতে চার মাদকসেবীর কারাদণ্ড

আক্কেলপুর – জয়পুরহাটের আক্কেলপুরে চোলাই মদ সেবনকালে চার ব্যক্তিকে জেল জরিমানা করা হয়েছে।
বুধবার (৪ সেপ্টেম্বর) আক্কেলপুর পৌরসদরের পশ্চিম আমুট্র এলাকায় উপজেলা নিবার্হী অফিসার মনজুরুল আলম এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জয়পুরহাটের উপ-পরিদর্শক দুলাল চন্দ্র প্রামানিক এর সার্বিক সহযোগীতায় সঙ্গিয় ফোর্স নিয়ে মাদকদ্রব্য উদ্ধার ও অভিযান চালাচ্ছিলেন। অভিযান পরিচালনাকালে মোঃ সোহেল আলী লস্কর(৩৫), মোঃ মোবারক(৫২), মোঃ সাহাজান আলী(৪২), শ্রী কার্তিক রবিদাস(৩৬) এদের কাছ থেকে ৭৫০ এমএল চোলাই মদ উদ্ধার করেন।
উদ্ধার শেষে উপজেলা নিবার্হী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (ইউএনও) মনজুরুল আলম ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মোঃ সোহেল আলী লস্করকে ১শত টাকা ও ২মাস, মোঃ মোবারককে ১শত টাকা ও ১মাস, মোঃ সাহাজান আলীকে ১শত টাকা ও ৭দিন, শ্রী কার্তিক রবিদাসকে ১শত টাকা জরিমানা ও ১৫দিন বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। তাদের সকলের বাড়ি আক্কেলপুর পৌরসদরে।

ইউএনও মনজুরুল আলম বলেন, চোলাই মদ সেবনকালে চারজনকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। পরবর্তীতে তাদেরকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে নগদ অর্থদন্ড ও বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।